উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার, সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে নিম্নেস্বাক্ষরকারী- এর সভাপতিত্বে এপ্রিল/২০২৫ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
০৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রসঙ্গে আলোচনা।
০৪। বিবিধ।

০৮/০৪/২৫
(মৌসুমী হক)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০৭২
ই-মেইলঃ unokishoreganjnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১.২৪- ৩৮৪

তারিখঃ ২৫ চৈত্র , ১৪৩১ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, নীলফামারী।
০২। চেয়ারম্যান,বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি, কিশোরগঞ্জ,নীলফামারী।
০৩। ..........................................................................কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। অফিস কপি।

০৮/০৪/২৫
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদ এপ্রিল /২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মৌসুমী হক
প্রশাসক, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ০৯ এপ্রিল ২০২৫ খ্রিঃ
সময় : ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় এ বছর বোরো ফসলের লক্ষ্যমাত্রা ১১২০৮ হেক্টর জমিতে বোরো ধানের চারা রোপন করা হয়েছে।এর মধ্যে ৯০০ বিঘা জমিতে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে ফসলের চারা রোপন করা হয়েছে। বর্তমান বোরো ধানের পরিস্থিতি সন্তোষজনক । নিয়মিত উঠান বৈঠক, দলীয় আলোচনা ও পরিদর্শনের মাধ্যমে পরামর্শ প্রদান করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা (ভাঃপ্রঃ) সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বহিঃবিভাগে রোগীর সংখ্যাঃ ১০০৪৭জন, অন্তঃ বিভাগে রোগীর সংখ্যাঃ ৮৪৯ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যাঃ ১২৫৯ জন, ০২ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রের রোগীর সংখ্যাঃ ৩৭৩ জন, ৩৫ টি কমিনিটি ক্লিনিকের রোগীর সংখ্যাঃ ১৪৪০৯ জন, স্বাভাবিক ডেলিভারীর সংখ্যাঃ ৩১ জন, এক্সরে রোগীর সংখ্যাঃ ৩৬ জন, আলট্রাসনোগ্রাম ১৪ জন, ইসিজি রোগীর সংখ্যাঃ ০৯ জন, ডায়রিয়া রোগীর সংখ্যাঃ ১৯১ জন। হাসপাতালের প্রতিটি বিভাগে জনবল সংকট থাকায় হাসপাতালের সকল সেবাদান কার্যক্রম চালাতে হিমশিম খেতে হয়। জরুরি বিভাগ ও অন্ত বিভাগে বিভিন্ন চিকিৎসা সেবা সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। স্বাস্থ্য সেবা সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বা ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সক |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৪-২৫ অর্থবছরের আওতায় অনুমোদিত প্রকল্পগুলো দরপত্রের মাধ্যমে ঠিকাদার চুড়ান্ত হয়েছে ও প্রকল্পগুলোর কাজ চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর নির্দেশনা মোতাবেক বাস্তাবায়নের জন্য অনুরোধ করা হয়। | ক) উপজে প্রকৌশলী সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, পবিত্র রমজান মাস এবং ইদ উল ফিতর উপলক্ষ্যে দীর্ঘ বন্ধের পর প্রাথমিক বিদ্যালয় সমূহ খুলে গেছে ০৭ এপ্রিল/১৫ থেকে বিদ্যালয় সমূহ নব উদ্দীপনায় কাজ করবে বলে আশা করা য়ায়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষ অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। স্কুল পর্যায়ে বিতরণ ১০০%, মাদ্রাসা পর্যায়ে ৯০%, ভোকেশনাল পর্যায়ে ৬০%। এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষা/২০২৫ আগামী ১০ এপ্রিল থেকে শুরু হবে। মোট কেন্দ্রর সংখ্যা ০৫ টি, পরীক্ষার্থীর সংখ্যা ৩৪৪৪ জন, দাখিল পরীক্ষার্থী ৫৫৪, ভোকেশনাল পরীক্ষার্থী ৩৭২ জন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষ অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা-১৪১৭০ জন, বিধবা ভাতা-৭৩০৮জন, প্রতিবন্ধি ভাতা-৬৪৭৮ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা-৬৯ জন, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি-১৫ জন, হিজরা ভাতা-০১ জন, এর ২০২৪-২৫ অর্থবছরের ৩য় কিস্তির পে-প্রদান করা হয়েছে। বিভিন্ন ভাতায় ১৪১ জন ব্যক্তির নাম্বার পরিবর্তন করা হয়েছে। রোগী কল্যাণ সমিতির কার্যক্রম চলমান। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা ও সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (এপিএ) অনুযায়ী প্রদান তরল সিমেন দ্বারা ৮১.২৯%, হিমায়িত সিমেন দ্বারা ৭৭.১৪%, গবাদি পশুর (সংখ্যা) ২১৬.৩৪%, হাঁস মুরগী (সংখ্যা) ৫৯.২৯%,গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) ৭৭.১৮% ,হাঁস মুরগির | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরামর্শ দেয় হয়। | প্রাণী সম্পদ অফিসার ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চিকিৎসা প্রদান (সংখ্যা) ৭৭,২৬% খামারী প্রশিক্ষণ প্রদান ৮৫.৪৮%, পোষাপ্রানীর চিকিৎসা প্রদান ৮১.৮২%, উঠান বৈঠক ৭৮.৫৭% | | |
| ০৮ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের এর সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। প্রদর্শনী খামার স্থাপনের জন্য পুকুর সিলেক্ট করা হয়েছে এবং দ্রুত সেটা বাস্তবায়নের জন্য কার্যক্রম শুরু হবে। এ মাসে ২০ জন মৎস্য খামারীকে মাছের নার্সারি ব্যবস্থাপনা বিষয়ে ০১ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে । সারাদেশে ব্যাপী ০৮-১৪ এপ্রিল জাটকা সংরক্ষণ সপ্তাহ/২০২৫ শুরু হয়েছে সে লক্ষ্যে হাট-বাজার মনিটরিং কার্যক্রম চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেল মৎস্য কর্মকর্তা |
| ০৯ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেবা কার্যক্রম খাবার বড়ি সুখী- ৬৪১৮ চক্র, খাবার বড়ি (আপন) ৪০৭ চক্র, কনডম ৪৩৪৪ পিস, ইনজেকটেবলস ৯৬৮ (ভয়াল), ইমপ্ল্যান্ট ০৫ জন, আইইউডি শুণ্য জন, সক্ষম দম্পতি ৫৪,৯৫৫ মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩,৪২২ জন, মোট গভবর্তী ১৭০৭ জন, গভবর্তী সেবা প্রদান ৮৩৬ জন, নরমাল ডেলিভারী ১৫২ জন, সিজারিয়ান ১০৩ জন,প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৬৫ জন, শিশু সেবা ২৫১ জন, কিশোর-কিশোরীর বয়োসন্ধিকালীন সেবা ৪২৬ জন ও সাধারণ রোগীর সেবা ৬৯৬ জন কে প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেল পরিবার পরিকল্প কর্মকর্ত সংশ্লিষ্ট সকল |
| ১০ | পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। দপ্তরের বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর সাংগঠনিক কার্যক্রম ও আদায় বিতরণ কার্যক্রম সরকারী নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন হচ্ছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেল উন্নয়ন ও সং সক |
| ১১ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র অফিসের কার্যক্রম চলমান। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেডের ০২ টি ব্যাচের প্রশিক্ষন অবশিষ্ট রয়েছে। নিধারিত প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে অদ্য গরুমোটা তাজা করণ বিষয়ক প্রশিক্ষণ ব্যাচের চলমান হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেল উন্নয়ন কর্মকর্ত |
| ১২ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিঃদা) সভায় জানান যে, নারী নির্যাতন প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক হচ্ছে। ভিডব্লিউবি এর অনলাইন আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে আগামী ২৬শে এপ্রিল/২৫ পর্যন্ত চলবে। নীতিমালা অনুযায়ী ভাতাভোগী গনকে আবেদন করবেন এই মর্মে ইউপি চেয়ারম্যানদ্বয়কে পত্র দেয়া হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | মহিলা বি কর্মকর্তা সংশ্লিষ্ট |
| ১৩ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় সমিতিসমূহ নিয়মিত শেয়ার, সঞ্চয় সংগ্রহের মাধ্যমে মূলধন গঠন করে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটাচ্ছে।সমবায় অফিস নিয়মিত অডিট, সমিতি তদারকি ও সমবায়ীদের কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কাযর্ক্রম অব্যাহত রেখেছে। মোট ২৫ জন সমবায়ীকে ভ্রামমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উৎযাপন হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজে সমবায় কর্মক |
| ১৪ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় কতৃক আয়োজিত বিভিন্ন টেড্রে প্রশিক্ষণ চলমান রয়েছে। অন্যান্য কারিগরি প্রশিক্ষণ বর্তমানে বন্ধ রয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষার্থে নিয়মিত দায়িত্ব পালন চলমান । বর্তমানে বিভিন্ন প্রশিক্ষণ বন্ধ রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি অফিসা সংশ্লিষ্ট |
| ১৫ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী ব্যাংক শাখা ব্যবস্থাপক জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক কিশোরগঞ্জ শাখা নীলফামারী এর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। শাখায় ঋণ বিতরণ ঋণ আদায় ও সঞ্চয় আদায় স্বাভাবিক ভাবে চলছে। মার্চ/২৫ মাসের পর্যন্ত ঋণ আদায় ৩৬,৮২,৯৬৫.৫৬/-টাকা ঋণ বিতরণ ২৮,১৯,০০০/- এবং সঞ্চয় আদায় ৮৮,৯১১.৪৪/-টাকা আদায় হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজে পল্লী স ব্যাংক ব্যবস্থা |
| ১৬ | পরিসংখ্যান অফিস | উপজেলা সহকারী পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি/ ২৪ এর মূল কার্যক্রম গত ২৬ ডিসেম্বর/২৪ তারিখে সারাদেশে ন্যায় অত্র উপজেলাতে ও সফলভাবে সম্পন্ন হয়েছে। এই শুমারির সংগৃহিত ইউনিট সমূহের এডিটিং এবং কোডিং কার্যক্রম চলমান । এছাড়া জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর পরবর্তী শুমারির মধ্যবর্তী সময় জনসংখ্যা সহ অন্যান্য গুরুত্বপূণ পরিসংখ্যানিক সূচক নির্ণয়ের জন্য SVRS প্রকল্প চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | পরিসং অফিস সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলাধীন সায়রাত ভুক্ত ২৪ টি হাট- বাজার রয়েছে। পুটিমারীর হাট বিলুপ্ত ও মৌলভীরহাট মামলা চলমান রয়েছে। বাংলা ১৪৩২ সনের অবশিষ্ট ২২ টি হাট-বাজার ইজারার জন্য ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ইজারার নিমিত্তে অত্র কার্যালয় হতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ১ম পর্যায়ে প্রাপ্ত দরপত্র সমূহের হাট-বাজার নীতিমালা অনুযায়ী হাট-বাজার মূল্যায়ন কমিটি যাচাই-বাচাই করে কোন হাট-বাজার ইজারা ভুক্ত হয়নি। ২য় পর্যায়ে ১১ টি হাট-বাজার এবং ৩য় পর্যায়ে দাখিলকৃত দরপত্র সমূহ মূল্যায়ন কমিটি যাচাই-বাচাই করে ০৫ টি হাট-বাজার সহ সর্বমোট ১৬ টি হাট-বাজার ইজারা ভুক্ত হয় অবশিষ্ট ০৬ টি হাট-বাজার ইজারা প্রাপ্ত হয়নি।<br><br>২য় পর্যায়ের বড়ভিটা হাট-বাজারের সরকারী মূল্য ৩,৮১,৯৫২/-টাকা, দাখিলকৃত ০২ টি দরপত্র এর মধ্যে ১ম দেয় দর ১১,৫০,১১০/-টাকা, ২য় দেয় দর- ৩,৮৩,০০০/- দরদাতার মধ্যে সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ আলমগীর হোসেন, পিতাঃ মৃত ইসহাক আলী, গ্রামঃ পাইকারটারী, বড়ভিটা, কিশোরগঞ্জ, নীলফামারী প্রাপ্ত হওয়ায় গত ০৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখে ০৫.৪৭.৭৩৪৫,০০১.৪৮.০০৪.২৫-২৬১ নং স্মারকে পত্র মারফত ইজারালব্ধ এর অবশিষ্ট অর্থ ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদানের বিষয়ে অবগত করা হলে অর্থ জমা প্রদানে ব্যর্থ হয়। পরবর্তীতে গত ০৬/০৪/২০২৫ খ্রিঃ তারিখে অত্র কার্যালয়ে -০৫.৪৭.৭৩৪৫,০০১.৪৮.০০৪.২৫-৩৫৬ নং স্মারকে ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ইজারালব্ধ এর অবশিষ্ট অর্থ প্রদানের জন্য তাগিদ পত্র প্রেরণ করা হয়। অতঃপর সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ আলমগীর হোসেন, পিতাঃ মৃত ইসহাক আলী, গ্রামঃ পাইকারটারী, বড়ভিটা, কিশোরগঞ্জ, নীলফামারী অর্থ জমা না করে অদ্য ০৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখে তাহার স্বাক্ষরিত পত্র মারফত জানান যে, বড়ভিটা হাট-বাজারের ইজারালব্ধ অবশিষ্ট অর্থ জমা প্রদান হতে অব্যহতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করছেন।<br><br>আগামী ১৪/০৪/২০২৫ খ্রিঃ তারিখে বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হওয়ায় অবশিষ্ট ০৬ টি হাট-বাজার ইজারা ভুক্ত না হওয়ায় এবং ২য় পর্যায়ের বড়ভিটা হাট-বাজারের সর্বোচ্চ দরদাতার বিষয়ে পরবর্তী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জেলা প্রশাসক, নীলফামারী মহোদয়ের নিকট প্রেরণ করা প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে আগামী ১৪/০৪/২০২৫ খ্রিঃ তারিখে বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হওয়ায় অবশিষ্ট ০৬ টি হাট-বাজারের ইজারা ভুক্ত না হওয়ায় এবং বড়ভিটা হাট-বাজারের ইজারা/খাস আদায়ের বিষয়ে সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য জেলা প্রশাসক, নীলফামারী মহোদয় বরাবর কার্যবিবরনীসহ পত্র প্রেরনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৯/০৪/২৫
(মৌসুমী হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২৪-৩৮৯ তারিখঃ ০৯/০৪/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, নীলফামারী।
০৫। উপজেলা ........................................... কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৬। চেয়ারম্যান .......................................... (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৯/০৪/২৫
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখঃ ০৯/০৪/২০২৫ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ০২ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৩ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৪ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৫ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৬ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | | | |
| ০৭ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৮ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৯ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৩ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা শিক্ষা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা<br>অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২২ | উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ২৭ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৮ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৯ | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩১ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৩ | তথ্য আপা | | | |
| ৩৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | | | |
| ৩৫ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কিশোরগঞ্জ, নীলফামারী | | | |